



টাইফুন যুদ্ধবিমান পেতে ইতালির সঙ্গে এলওআই স্বাক্ষর করল বাংলাদেশ



সংগৃহীত ছবি

বাংলাদেশ বিমান বাহিনীকে আধুনিক যুদ্ধবিমান সরবরাহের লক্ষ্যে ইতালির প্রতিরক্ষা ও মহাকাশ প্রযুক্তি প্রতিষ্ঠান লিওনার্দো এসপিএ'র সঙ্গে লেটার অব ইনটেন্ট (এলওআই) স্বাক্ষর করেছে বাংলাদেশ। ইউরোফাইটার টাইফুন কেনার প্রক্রিয়ায় এ পদক্ষেপকে বড় অগ্রগতি হিসেবে দেখা হচ্ছে। আজ মঙ্গলবার (৯ ডিসেম্বর) বিমান বাহিনী সদর দফতরে আনুষ্ঠানিকভাবে এলওআই স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান ও বাংলাদেশে নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত আন্তোনিও আলোসান্দ্রো। আইএসপিআর জানায়, এলওআই স্বাক্ষর অনুষ্ঠানে সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসারসহ ইতালির প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। সমঝোতা অনুযায়ী, লিওনার্দো এসপিএ বাংলাদেশ বিমান বাহিনীকে অত্যাধুনিক মাল্টি-রোল কমব্যাট এয়ারক্রাফট 'ইউরোফাইটার টাইফুন' সরবরাহে অগ্রসর হবে। এই যুদ্ধবিমান যুক্ত হলে আকাশ প্রতিরক্ষা সক্ষমতায় নতুন মাত্রা যোগ হবে বলে মনে করছে সংশ্লিষ্টরা।